

পরীক্ষা নিয়ন্ত্রক দফতর

www.iau.edu.bd

iau.exam@gmail.com



স্মারক নং- ইআবি/পনি./কা.পরীক্ষা/২০১৬/ ৪১১

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

বাড়ি নং-১২৪/২২বি, ব্লক-এ, সড়ক নং-০৩

ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

তারিখ : ২২ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপক :

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

পরীক্ষা কেন্দ্র, সকল কামিল মাদরাসা।

বিষয় : ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের কামিল ১ম পর্ব পরীক্ষা-২০১৬ এর পরীক্ষার উত্তরপত্র, প্রবেশপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণের জন্য প্রতিনিধি প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কামিল ১ম পর্ব পরীক্ষা-২০১৬ আগামী ২৩-০৪-২০১৭ তারিখ হতে শুরু হবে। এ উপলক্ষ্যে নিম্নবর্ণিত তারিখ, সময় ও স্থান অনুযায়ী পরীক্ষার উত্তরপত্র, পরীক্ষার্থীদের প্রবেশপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি বিতরণ করা হবে।

বিতরণের তারিখ ও দিন	সময়	স্থান
০৯-০৪-২০১৭ খ্রি. রবিবার	সকাল ০৯.০০ ঘটিকা থেকে দুপুর ৩.০০ ঘটিকা পর্যন্ত	ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বাড়ি নং-১২৪/২২বি, ব্লক-এ, সড়ক নং-০৩ ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

অতএব, উপর্যুক্ত বিভাগ ও তারিখে আপনার কেন্দ্রের পরীক্ষার উত্তরপত্র, পরীক্ষার্থীর প্রবেশপত্র ও আনুষঙ্গিক সরঞ্জামাদি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা হতে গ্রহণ করার নিমিত্তে সত্যায়িত নমুনা স্বাক্ষরসহ এক কপি প্রত্যয়নপত্র ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ দুই দিনের মধ্যে সংশ্লিষ্ট মাদরাসাসমূহের অধ্যক্ষের নিকট প্রবেশপত্র বিতরণ করবেন।

এ বিষয়ে সংশ্লিষ্ট মাদরাসার ৩/৫ জন শিক্ষক সদস্য বিশিষ্ট পরীক্ষা পরিচালনা কমিটি গঠন পূর্বক জেলা প্রশাসকের সুপারিশসহ উত্তরপত্র, পরীক্ষার্থীদের প্রবেশপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি গ্রহণের সময় পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে উক্ত কমিটির কাগজ জমা দিতে হবে।

উল্লেখ্য যে, উত্তরপত্র, প্রবেশপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থান হতে তাৎক্ষনিক বুরো এবং মিলিয়ে নেয়ার জন্য অনুরোধ করা হল। এ বিষয়ে পরে অসঙ্গতি পরিলক্ষিত হলে কোন আপত্তি গ্রহণ যোগ্য হবে না এবং পরীক্ষা শেষে অতিরিক্ত উত্তরপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি বিশ্ববিদ্যালয়ে তালিকা অনুযায়ী প্রেরণ করতে হবে।

[বিঃ দ্রঃ উত্তরপত্র ও আনুষঙ্গিক সরঞ্জামাদি গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধিগণ নিজে পরিবহন ব্যবস্থা করবেন।]

৩.১৭
Signature

পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
মোবাইল নম্বর-০১৭০৯৩৮৯০০৬

স্মারক নং- ইআবি/পনি./কা.পরীক্ষা/২০১৬/ ৪১১(২)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। অর্থ ও হিসাব বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রচার করার জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। অফিস নথি।

তারিখ : ২২ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ

৩.১৭
Signature

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
মোবাইল-০১৭০৫৪০৮০০৮